শিক্ষক/কর্মচারী নিয়োগ কার্যক্রম

সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ	মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষ হলো ম্যানেজিং কমিটি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস তা সমন্বয় করে এবং সরকারি প্রজ্ঞাপনের আলোকে নিয়োগ কার্যক্রম পরিচালিত হচ্ছে কিনা তা তদারকি করে। প্রতিটি পদের জন্য নির্দিষ্ট যোগ্যতার বিষয় উল্লেখ করে স্থানীয় ও জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রার্থীগণ সেখান থেকে দেখে নিজের যোগ্যতা অনুযায়ী পদে আবেদন করতে পারে। মাউশির প্রতিনিধিসহ গঠিত নিয়োগ কমিটি কর্তৃক যাচাই/বাছাই ও সুপারিশকৃত প্রার্থীগণ নিয়োগের জন্য নির্বাচিত হন।
সেবা প্রাপ্তির সময়	৩০ দিন
প্রয়োজনীয় ফি	আবেদনের সময় পত্রিকায় উল্লিখিত পরিমান টাকার ব্যাংক ড্রাফট জমা দিতে হয়
সেবা প্রাপ্তির স্থান	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এসএমসি ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি
প্রয়োজনীয় কাগজপত্র	• শিক্ষাগত যোগ্যতা, ইন্ডেক্স নম্বর/ শিক্ষক নিবন্ধন সনদ, অভিজ্ঞতার সনদ • প্রতিষ্ঠানের শিক্ষক প্রাপ্যতার প্রমাণপত্র ইত্যাদি সংযুক্ত ছক মোতাবেক
সেবা প্রাপ্তির শর্তাবলি	শিক্ষা মন্ত্রণালয়ের জনবল কাঠামো নীতিমালা মোতাবেক প্রার্থীর উপযুক্ত যোগ্যতা থাকলে নিয়োগের জন্য আবেদন করা যায়।
সংশ্লিষ্ট আইন ও বিধি	জনবল কাঠামো- ২০১০ তারিখ ৪/২/২০১৩ সংশোধিত নীতিমালা অনুসারে
সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা	জেলা শিক্ষা অফিসার